77

আজকের কাগজ

তারিখ ...13 JUL 1995 ...
পৃষ্ঠা ৬ কলাম ৬.....

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# ডুমুরিয়ার ৩০৮ জন প্রাথমিক শিক্ষক ৬ মাস যাবৎ ভাতা পাচ্ছেন না

খুলনার ডুমুরিয়া থানার ৭৭টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৩শ' ৮ জন শিক্ষক শিক্ষিকা গত ৬ মাস যাবৎ তাদের ন্যূনতম বেতন ভাতা পাচ্ছে না। এতে করে শিক্ষাদানে তারা নিরুৎসাহিত হয়ে পড়েছে। ফলে সার্বজনীন প্রাথমিক শিক্ষা বিঘ্নিত হবার আশংকা দেখা দিয়েছে।

ডুমুরিয়া থানার সর্বমোট ৮৩টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৭৭টি বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকা বেশ ন্যূনতম হারে ভাতা পেয়ে থাকে। কিন্তু এ বছরের জানুয়ারি মাস থেকে জুন পর্যন্ত কোনো অনুদান শিক্ষকরা পাননি। উল্লেখ্য,

জানুয়ারি, ফেব্রুয়ারি, মার্চ মাসের অনুদান মহাপরিচালক বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষার এক জারিকৃত পত্রে ৫ লাখ ১২ হাজার ৭শ' ৭৮ টাকার বরাদ্দ এসেছে। কিন্তু উক্ত পত্রে শিক্ষকদের সংখ্যা এবং টাকার পরিমাণে গড়মিল থাকায় ব্যাংক কর্তৃপক্ষ উক্ত টাকা প্রদানে অসম্মতি জানিয়েছে। আর এপ্রিল, মে, জুন মাসের বরাদ্দ অর্থ বছরের শেষ দিনেও শিক্ষকরা পাননি। প্রকাশ, বিগত ১৯৯২-৯৩ অর্থ বছরে অনুরূপভাবে শিক্ষকদের ৭৩ হাজার ৫শ' টাকার একটি বিল কৃষি ব্যাংক, ডুমুরিয়া শাখার কর্মচারিদের গাফিলতির জন্যে শিক্ষকরা উক্ত টাকা প্রাপ্তি থেকে বঞ্চিত হন। দীর্ঘ ৬ মাস ভাতা না পেয়ে শিক্ষকরা হতোদ্যম ও কর্মবিমুখ হয়ে পড়েছে। শিক্ষকদের এই ভোগান্তি সরকারের বাধ্যতামূলক সার্বজনীন প্রাথমিক শিক্ষা বাস্তবায়নে এক চরম পরিপন্থী ও অন্তরায়ের সৃষ্টি হচ্ছে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে এ সমস্যা সমাধানে ত্বরিৎ হস্তক্ষেপ নেয়া প্রয়োজন বলে তথ্যাভিজ্ঞ মহলের অভিমত। ডুমুরিয়া থেকে কাজী মুরাদ।